খুলনায় সমাবেশ সফল করতে মেহেরপুরে বিএনপির প্রচারপত্র বিলি

২২ অক্টোবর বিএনপির খুলনার বিভাগীয় গণসমাবেশ সফল করতে মেহেরপুর জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের পক্ষ থেকে শহরে প্রচারপত্র বিলি করা হয়।

জ্বালানি তেল ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি, দলীয় কর্মসূচিতে গুলি করে নেতা-কর্মীদের হত্যার প্রতিবাদ এবং নির্বাচনকালীন নির্দলীয় নিরপেক্ষ সরকারের দাবিতে বিএনপি বিভাগে বিভাগে এ সমাবেশ কর্মসূচি পালন করছে।

বৃহস্পতিবার মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নেতৃত্বে মেহেরপুর শহরের প্রধান প্রধান সড়কে প্রচারপত্র বিলি করা হয়। প্রচারপত্র বিলিতে মেহেরপুর জেলা বিএনপির সহসভাপতি জাভেদ মাসুদ মিল্টন, বিএনপি নেতা আসাদুজ্জামান বাবলু, বিএনপি নেত্রী রোমানা আহমেদ, সাইয়েদাতুন নেছাসহ বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা প্রচারপত্র বিলিতে অংশ নেন।

এসময় মাসুদ অরুন বলেন, একটি অগণতান্ত্রিক সরকার জনগনের অধিকারের সংগ্রামকে বাধাগ্রস্থ্য করবে এটাই স্বভাবিক। আমরা দেখলাম চট্টগ্রাম ও ময়মনসিংহের সমাবেশে সরকার তার অপশক্তি দিয়ে বাধা দেওয়ার পরও জনতার উত্তাল সমুদ্র সৃষ্টি হয়েছে । আমরা জনগনের প্রতি আস্থা রাখতে চাই এই ব্যর্থ ও অবৈধ সরকারের বিরুদ্ধে জনগন সকল বাধা বিপত্তি অতিক্রম করে খুলনার সমাবেশ সফল করবে। চট্টগ্রাম ও ময়মনসিংহে বড় দুটি গণসমাবেশ আয়োজনের পর খুলনার কর্মসূচিতে গণজোয়ার সৃষ্টি হবে বলে আশা করছি। খুলনার সমাবেশে লাখো মানুষের উপস্থিতি হবে। এ জন্য চলছে সর্বাত্মক প্রস্তুতি ও প্রচারণা।

আমঝুপিতে বিশ্ব খাদ্য দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

বিশ্ব খাদ্য দিবস ২০২২ উদযাপন উপলক্ষে আজ বুধবার সকাল ১০টার দিকে আমঝুপি,মউক এর হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

খাদ্য অধিকার বাংলাদেশ এর সহযোগিতায় মেহেরপুর জেলা খাদ্য অধিকার কমিটি ও মানব উন্নয়ন কেন্দ্র মউক এ সভার আয়োজন করে।

খাদ্যে অধিকার কমিটির সদস্য হাজী আজগর আলী মাষ্টার এর সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন মউক এর সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন। আরো বক্তব্য রাখেন ইউপি সদস্য আরিফ হোসেন, সমাজ সেবক শহিদুল্লাহ, আঃ রাকিব, ইমাম ওজিউর রহমান ও মানবধিকার কর্মী সাদ আহাম্মদ।

বক্তাগন সরকারের দারিদ্র বিমোচন এবং খাদ্য নিরাপত্তার জন্য বিভিন্ন সুপারিশ মালা তুলে ধরেন। এর আগে একটি র্যালী আমঝুপির বিভিন্ন সড়ক প্রদক্ষিন করে মউক প্রধান কার্যলয় চত্তরে এসে শেষ হয়।

সভার শেষে,মেহেরপুর জেলা খাদ্য অধিকার কমিটির পক্ষে সামাজিক সুরক্ষা কমৃসূচির বরাদ্দ বাড়ানো ও খাদ্যসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যদির মুল্য কমানোর দাবীতে মেহেরপুর জেলা প্রশাসক বরাবর একটি স্বারক লিপি প্রদান করা হয়।

মেহেরপুরে ছাত্রনেতা ইব্রাহিমের নেতৃত্বে শেখ রাসেল ও আওয়ামী লীগ নেতা ইমনের

জন্মদিন পালন

বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় প্রচার ও প্রকাশনা কমিটির সদস্য ও মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এমএএস ইমনের ৪৭ তম জন্মদিন এবং শহীদ শেখ রাসেল এর ৫৮তম জন্মদিন উপলক্ষে কেক কাটার আয়োজন করা হয়।

মঙ্গলবার সন্ধ্যায় ছাত্র নেতা ইব্রাহীমের নেতৃত্বে তার নিজ কার্যালয়ে কেক কেটে জন্মদিন পালন করা হয়। এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা ছাত্রলীগ কর্মী আলিপ, সাকিব, আকাশ, আসিব, রাব্বি, রিজন প্রমুখ।

আওয়ামী লীগের শেকড় অনেক গভীরে : হানিফ

আওয়ামী লীগের শেকড় অনেক গভীরে বলে মন্তব্য করেছেন আওয়ামীলীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মাহবুব-উল আলম হানিফ।

আওয়ামী লীগ কখনো অন্যের শক্তি সামর্থ্য দেখে বিচলিত হওয়ার দল নয় উল্লেখ করে তিনি বলেন, ‘আওয়ামী লীগ অনেক শক্তিশালী দল। আওয়ামী লীগের শেকড় অনেক গভীরে।’

মঙ্গলবার সকালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছোট ছেলে শেখ রাসেলের জন্মদিন উপলক্ষে কুষ্টিয়ায় শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণকালে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন।

‘আওয়ামী লীগ একটি বটগাছ’ এমন মন্তব্য করে তিনি বলেন, ‘বটগাছকে ছোটখাটো ধাক্কা দিয়ে কিছু করা যায় না। জনগণ যতদিন চাইবে আওয়ামী লীগ ততদিনই ক্ষমতায় থাকবে।’

হানিফ আরো বলেন, ‘বহুবার বিএনপির তর্জনগর্জন শুনেছে দেশের জনগণ। কিন্তু সেই তর্জনগর্জন জনগণ আমলে নেয়নি। সুতরাং জনগণ যতদিন

চাইবে, আওয়ামী লীগ ততদিনই ক্ষমতায় থাকবে।’

ক্ষমতা হস্তান্তর প্রসঙ্গে আওয়ামী লীগের এই সিনিয়র নেতা বলেন, ‘ষড়যন্ত্রের কাছে পরাজিত হওয়ার পর শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তরের রেকর্ডও আওয়ামী লীগের আছে। শান্তিপূর্ণ নির্বাচনের মাধ্যমে রাষ্ট্রীয় ক্ষমতায় এসেছে, আগামী জাতীয় সংসদ নির্বাচনের মাধ্যমে আওয়ামী লীগ আবার ক্ষমতায় আসবে।’

জেলা পরিষদ নির্বাচন সুষ্ঠু হয়েছে দাবি করে আওয়ামী লীগের এই যুগ্ম-সাধারণ সম্পাদক বলেন, ‘সারা দেশে উৎসবমুখর পরিবেশে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। ইলেকশন কমিশনের কর্মকাণ্ডও গ্রহণযোগ্য ছিল।’

বঙ্গবন্ধুর ছোট ছেলে শহীদ শেখ রাসেলের কথা তুলে ধরে হানিফ বলেন, ‘শিশুরা হচ্ছে ফুলের বাগানের মতো। শিশুদের মন থাকে কোমল। সেই কোমলমতি হৃদয়ে তাকে ধারণ করে আমাদের ভবিষ্যৎ প্রজন্ম দেশের উন্নয়ন অগ্রযাত্রাকে এগিয়ে নিয়ে যাবে- এটিই আমাদের প্রত্যাশা।’

এ সময় কুষ্টিয়া-৪ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার সেলিম আলতাব জর্জ, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও জেলা পরিষদ প্রশাসক হাজী রবিউল ইসলাম, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক প্রকৌশলী ফারুকউজ্জামান, সাংগঠনিক সম্পাদক আমজাদ হোসেন রাজু ও মাযহারুল আলম সুমন, কুষ্টিয়া সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান আতাউর রহমান আতা প্রমুখ উপস্থিত ছিলেন।

গাংনীতে নানা আয়োজনে শেখ রাসেল দিবস পালিত

বর্ণাঢ্য র্র্যালি, আলোচনা সভা, চিত্রাঙ্কন প্রতিযোগীতা পুরুস্কার বিতরণ ও দোয়ার মাহফিলের মধ্য দিয়ে গাংনীতে শেখ রাসেল দিবস পালিত হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে উপজেলা প্রশাসনের উদ্যোগে মঙ্গলবার সকাল ৯

টার সময় গাংনী উপজেলা পরিষদ চত্তর থেকে একটি বর্ণাঢ্য র্র্যালি বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদেএসে শেষ হয়।

উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্বে করেন উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম। আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন সাবেক এমপি মকবুল হোসেন, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী, গাংনী থানার তদন্ত অফিসার মনোজিৎ কুমার নন্দী, গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক প্রভাষক শফি কামাল পলাশ প্রমুখ।

আলোচনা সভায় শেখ রাসেল এর জীবনী নিয়ে একটি ভিডিও চিত্র প্রদর্শিত হয়।

এসময় উপস্থিত ছিলেন সরকারের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ।

বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে চিত্রাঙ্কণ প্রতিযোগীতা ও পুরুস্কার বিতরণ করা হয়।

শিশু-কিশোর, তরুণের পরম আদরের নাম শেখ রাসেল

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৯তম জন্মদিন আজ। ১৯৬৪ সালের ১৮ অক্টোবর ধানমন্ডির ঐতিহাসিক স্মৃতি-বিজড়িত বঙ্গবন্ধু ভবনে জন্মগ্রহণ করেন এই ক্ষণজন্মা শিশু শেখ রাসেল। ১৯৭৫ সালের ১৫ আগষ্ট মানবতার শত্রু ঘৃণ্য ঘাতকদের নির্মম বুলেটের হাত থেকে রক্ষা পাননি বঙ্গবন্ধুর শিশুপুত্র শেখ রাসেল। সেদিন জাতির পিতা

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সাথে নিস্পাপ শিশু ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুলের চতুর্থ শ্রেনির ছাত্র শেখ রাসেলকেও নিষ্ঠুরভাবে হত্যা করে নরপিশাচরা।
ওই খুনিরা তাকে হত্যা করে বঙ্গবন্ধুর রক্তের উত্তরাধিকার নিশ্চিহ্ন করতে চেয়েছিল। ইতিহাস সাক্ষ্য দেয় তাদের সেই অপচেষ্টা ব্যর্থতায় পর্যবসিত হয়েছে।
শহীদ শেখ রাসেল আজ বাংলাদেশের শিশু-কিশোর, তরুণ, শুভ বুদ্ধিবোধ সম্পন্ন মানুষদের কাছে পরম আদরের নাম। অবহেলিত, পশ্চাৎপদ, অধিকার বঞ্চিত শিশুদের আলোকিত জীবন গড়ার প্রতীক হয়ে গ্রাম-গঞ্জ-শহর তথা বাংলাদেশের বিস্তীর্ণ জনপদ-লোকালয়ে শেখ রাসেল আজ এক মানবিক সত্তায় পরিণত হয়েছে। মানবিক চেতনা সম্পন্ন সব মানুষ শেখ রাসেলের মর্মান্তিক হত্যাকাণ্ডের শোককে হৃদয়ে ধারণ করে বাংলার প্রতিটি শিশু-কিশোর তরুণের মুখে হাসি ফোটাতে আজ প্রতিশ্রুতিবদ্ধ। বঙ্গবন্ধু ও তার শিশুপুত্র শেখ রাসেলের দণ্ডপ্রাপ্ত খুনিরা এখনও পৃথিবীর বিভিন্ন দেশে পালিয়ে আছে। সেসব দণ্ডপ্রাপ্ত পলাতক খুনিদের দেশে ফিরিয়ে এনে ফাঁসির রায় কার্যকর করা আজ সময়ের দাবি। মঙ্গলবার (১৮ অক্টোবর) সকাল ৯টায় শহীদ ‘শেখ রাসেল দিবস’ উপলক্ষে মেহেরপুর জেলা ও গাংনী উপজেলা প্রশাসন, বাংলাদেশ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনসমূহের সব স্তরের নেতাকর্মী, বিভিন্ন স্কুল কলেজ, সামাজিক সাংস্কৃতিক সংগঠন নানা আয়োজনে দিবসটি পালন করছেন। জেলা ও উপজেলা প্রশাসনের আয়োজনে শহীদ শেখ রাসেলের প্রতিকৃতিতে পুস্পার্ঘ অর্পণ, বর্ণাঢ্য শোভাযাত্রা, আলোচনা সভা, চিত্রাঙ্কন প্রতিযোগীতা, পুরস্কার বিতরণ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। এছাড়া বিভিন্ন স্কুল কলেজে কেক কেটে জন্মদিন পালন ও দোওয়ার আয়োজন করেছে।

চুয়াডাঙ্গা জেলা পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ প্রার্থী

মঞ্জু বিজয়ী

চুয়াডাঙ্গা জেলা পরিষদের নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী মাহফুজুর রহমান মঞ্জু ৬৩ ভোট বেশি পেয়ে বেসরকারিভাবে চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হয়েছেন। সোমবার সকাল জেলার ৪ টি ভোট কেন্দ্রে এ ভোট অনুষ্ঠিত হয়।

সোমবার অনুষ্ঠিত নির্বাচনে আওয়ামী লীগের মনোনীত প্রার্থী মাহাফুজুর রহমান মুঞ্জ মোটরসাইকেল মার্কায় চুয়াডাঙ্গা সদর উপজেলায় ৫৬, জীবননগর উপজেলায় ৮৬, দামুড়হুদা উপজেলায় ৯০ ও আলমডাঙ্গা উপজেলায় ৯০ ভোটসহ মোট ৩১২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তাঁর নিকটতম প্রতিন্বন্দী চুয়াডাঙ্গা জেলা যুবলীগের সাবেক আহ্বায়ক আরিফিন আলম রঞ্জু ঘোটা প্রতিকে চুয়াডাঙ্গা সদর উপজেলায় পেয়েছেন ৬১ ভোট। এ ছাড়া জীবননগর উপজেলায় পেয়েছেন ৩০, দামুড়হুদা উপজেলায় ২৮ ভোট ও আলমডাঙ্গা উপজেলায় ১৩০ সহ সর্বমোট ২৪৯ ভোট পেয়েছেন।

এদিকে চুয়াডাঙ্গা জেলা পরিষদ নির্বাচনে ৪ নম্বর ওয়ার্ডে (জীবননগর উপজেলা) সদস্য পদে ৬৩ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন মোসাবুল ইসলাম লিটন। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী কবির আহম্মদ পেয়েছেন ৪০। এ ছাড়া সদস্য পদে মিতা খাতুন পেয়েছেন ১৪ ভোট।

সকাল ৯টা থেকে বেলা ২টা পর্যন্ত ইভিএম-এ এই ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। জীবননগর উপজেলা নির্বাচন কর্মকর্তা মো. মেজর আহাম্মেদ বলেন, সুষ্ঠুভাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়েছে। কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি। ৪ নম্বর ওয়ার্ডে সদস্য পদে ৬৩ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন মোসাবুল ইসলাম লিটন।

এদিকে ৩ নম্বর ওয়ার্ডে (দামুড়হুদা উপজেলা) সদস্য পদে ৫৭ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন সিরাজুল ইসলাম। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী শফিউল কবির পেয়েছেন ৩৮ ভোট। এ ছাড়া সদস্য পদে লস্কর আলী পেয়েছেন ২৩ ভোট।

এদিকে সংরক্ষিত সদস্য পদে ৩ ও ৪ নম্বর ওয়ার্ডে ৯৬ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন কহিনুর বেগম। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী শিরিনা পারভিন পেয়েছেন ৮৬ ভোট।

ঝিনাইদহ জেলা পরিষদ নির্বাচনে স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী বিজয়ী

গত ১১ সেপ্টেম্বর ঝিনাইদহ পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগের পরাজয়ের রেশ কাটতে না কাটতেই জেলা পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ প্রার্থীকে পরাজিত করে জেলা পরিষদে স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী হিসেবে নির্বাচিত হয়েছেন এম হারুনর রশীদ।

বেসরকারী ফলাফলে তিনি পেয়েছেন ৪৭৮ ভোট এবং তার নিকটতম প্রতিদ্বন্দী আওয়ামী লীগ মনোনিত সাবেক জেলা পরিষদ চেয়ারম্যান কনক কান্তি দাস পেয়েছেন ৪৬৩ ভোট। জেলা পরিষদে মোট ৯৫৪ ভোটের মধ্যে ৯৪১ ভোট পোল হয়েছে।

সোমবার (১৭ অক্টোবর) সকাল ৯টা থেকে কঠোর নিরাপত্তা, সুষ্ঠু ও শান্তিপূর্ণ উৎসবমূখর পরিবেশে বিকাল ২টা পযর্ন্ত জেলার ৬টি উপজেলায় ৬টি ভোট কেন্দ্রের মাধ্যমে এভোট গ্রহন অনুষ্ঠিত হয়। তবে ঝিনাইদহ সদর উপজেলা কেন্দ্রে ভোট গ্রহন বিলম্বিত হওয়ায় ফলাফল প্রকাশে বিলম্ব হয়েছে।

জেলা প্রশাসক মনিরা বেগম এবং পুলিশ সুপার মোহাম্মদ আশিকুর রহমান ভোট কেন্দ্র পরিদর্শন করেন।

মেহেরপুরে জেলা পরিষদ চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস

সালাম

মেহেরপুর জেলা পরিষদ নির্বাচনে ১৭৬ ভোট পেয়ে চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন বাংলাদেশ আওয়ামীলীগ মনোনীত প্রার্থী অ্যাডভোকেট আব্দুস সালাম। আব্দুস সালামের মার্কা ছিল কাপ পিরিচ ।তার নিকটতম প্রার্থী একমাত্র প্রতিদ্বন্দ্বী জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল আনারস প্রতীকে পেয়েছেন ১১৫ ভোট।

১ নং ওয়ার্ড (মেহেরপুর সদর-মুজিবনগর) সংরক্ষিত নারী সদস্য পূণ:নির্বাচিত হয়েছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রীর বোন শামীম আরা হিরা, তিনি পেয়েছেন ৯৫ ভোট।তার নিকটতম প্রতিদ্বন্দ্বী নারগীছ আরা পেয়েছেন ৬২ ভোট। ২ নং ওয়ার্ড (গাংনী) বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হয়েছেন জেলা পরিষদের সাবেক সদস্য শাহানা ইসলাম শান্তনা।

১ নং ওয়ার্ডের (মেহেরপুর সদর) সাধারন সদস্য নির্বাচিত হয়েছেন আজিমুল বারি মুকুল, তিনি পেয়েছেন ২২ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আলমাস হোসেন শিলু পেয়েছেন ১৭ ভোট।

২ নং ওয়ার্ড (মুজিবনগর) ইমতিয়াজ হোসেন মিরন ৫৪ ভোট পেয়ে পুন:নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী রফিকুল ইসলাম পেয়েছেন ৫১ ভোট। ও ৩ নং ওয়ার্ড (গাংনী) ৫৪ ভোট পেয়ে জেলা পরিষদের সদস্য নির্বাচিত হয়েছেন মো: মিজানুর রহমান।তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মজিরুল ইসলাম মিয়া পেয়েছেন ৫০ ভোট।

ভোট গণনা শেষে মেহেরপুর জেলা পরিষদ নির্বাচিনের রিটার্নিং অফিসার ও মেহেরপুর জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান বেসরকারীভাবে এই ফলাফল ঘোষণা করেন। এসময় মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম, মেহেরপুর জেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার আবু আনছারসহ নির্বাচনের সাথে জড়িত অন্যান্য কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন।

এদিকে বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সাবেক সহসভাপতি অ্যাডভোকেট আব্দুস সালাম মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান নির্বাচিত হওয়ায় বিভিন্ন মহল থেকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। এছাড়া মেহেরপুর জেলা শহরের বিভিন্ন স্থানে ও গাংনী উপজেলা শহরে পৃথক পৃথকভাবে আনন্দ র্যালি অনুষ্ঠিত হয়েছে।

ছাত্রলীগ নেতা আল ইমরানের মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে বিক্ষোভ সমাবেশ

ঝিনাইদহ জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আল- ইমরানের নামে মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন কোটচাঁদপুর উপজেলা ও পৌর ছাত্রলীগ।

রবিবার সকালে সরকারি কে এম এইচ ডিগ্রি কলেজে থেকে বিক্ষোভ মিছিল টি বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করেন। পরে কোটচাঁদপুর বাজারের পায়রা চত্বরে গিয়ে শেষ হয়। এরপর কেএমএইচ কলেজের সাবেক ছাত্র লীগের সভাপতি ওবাইদুল হকের সভাপতিত্বে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সঞ্চালনায় ছিলেন পৌর ছাত্র লীগের সাবেক সাধারণ সম্পাদক প্রদীপ কুমার হালদার।

প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা ছাত্রলীগের সাবেক গণশিক্ষা বিষয়ক সম্পাদক রাব্বি হাসান, পৌর ছাত্রলীগ নেতা রুবায়েত ইসলাম রাহুল, কলেজ ছাত্রলীগ নেতা শাফিন আহমেদ, মানিক, নয়ন,ইমদাদুল হক,জীম, ইশান প্রমুখ।

এ সময় বক্তারা জেলা ছাত্রলীগের সাধারন সম্পাদক আল ইমরানের অবিলম্বে মিথ্যা মামলা প্রত্যাহার ও নিঃশ্বর্ত মুক্তির দাবি জানান।